

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.১০২.২৯.০০১.১৪.১২৩৭

তারিখ : ১৩/০৯/২০২০খ্রিঃ।

নোটিশ

আগামী ১৯/০৯/২০২০খ্রিঃ রোজ শনিবার বিএমইটি'র সম্মেলন কক্ষে সকাল ১০:০০ ঘটিকায় বিএমইটি'র অধীন সকল টিটিসি এবং আইএমটিসমূহের অধ্যক্ষগণের সাথে কারিগরি প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ কার্যক্রমসহ সার্বিক বিষয় নিয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

০২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. আহমেদ মুনিরুছ সালেহীন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন এবং মহাপরিচালক বিএমইটি জনাব মোঃ শামছুল আলম (অতিরিক্ত সচিব) উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

০৩। সকল টিটিসি এবং আইএমটিসমূহের অধ্যক্ষগণকে নির্ধারিত তারিখে সকাল ০৯:৩০টায় বিএমইটি'র সম্মেলন কক্ষে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড্রেস কোড :

- ১। পুরুষ : সাদা শার্ট ও কালো প্যান্ট।
- ২। মহিলাঃ মার্জিত শাড়ী।

১৩.৯.২০

(ডি. এম. আতিকুর রহমান)
উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)।

ফোন নম্বর-৮৩০০২৬৪ (অফিস)

বিতরণ (কার্যার্থে) :

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/কর্মসংস্থান/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা, বিএমইটি, ঢাকা।
- ২। অধ্যক্ষ, আইএমটি (সকল)।
- ৩। অধ্যক্ষ, টিটিসি (সকল)।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপপরিচালক (সাধারণ সেবা) বিএমইটি, ঢাকা (আপ্যায়ন ও যাবতীয় লজিস্টিক সাপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী পরিচালক (হিসাব), বিএমইটি, ঢাকা।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।